

একটি প্রচলিত শ্লোকে^১ কালিদাসকে বিক্রমাদিত্যের সভার নবরঞ্জের এক রঙ্গ বলিয়া উল্লেখ করা হইয়াছে। Fergusson এই শ্লোকটিকে ভিত্তি করিয়া এক নূতন মত প্রচার করিলেন। তিনি বলিলেন, এই শ্লোকে উল্লিখিত বিক্রমাদিত্য হইলেন উজ্জয়িনীরাজ হর্ষ-বিক্রমাদিত্য। খৃষ্টাব্দ ৫৪৪ শতকে ভারতবর্ষ হইতে শক জাতিকে

বিতাড়িত করিয়া তাহারও ৬০০ বৎসর পূর্ব হইতে, অর্থাৎ কালিদাসের কাল খৃঃ পূঃ ৫৬ অব্দ হইতে তিনি নিজের নামে বিক্রমাব্দের প্রতিষ্ঠা করেন। Fergusson-এর এই অনুমানকে সম্বল করিয়া Maxmuller তাঁহার নূতন মতবাদ প্রচার করিলেন। তাঁহার মতে ভারতে একের পর এক বৈদেশিক জাতির আক্রমণ হওয়ার জন্য ভারতবর্ষে খৃষ্টের পর প্রথম কয়েক শত বৎসরে সংস্কৃতে কোনও সাহিত্য সৃষ্টি হয় নাই এবং খৃষ্টাব্দ ষষ্ঠ শতকে উজ্জয়িনীরাজ হর্ষ-বিক্রমাদিত্যের আমলে কালিদাসের হাতে সংস্কৃতে কাব্য-রচনার নূতন অভ্যুদয় আরম্ভ হইল। Maxmuller-এর এই মতই theory of renaissance নামে বিখ্যাত।^২

Maxmuller অন্য ভাবেও তাঁহার এই renaissance theory-কে প্রমাণ করিতে চেষ্টা করিয়াছেন। মেঘদূতের একটি শ্লোকে^৩ উল্লিখিত 'দিগ্‌নাগ' ও 'নিচুল' শব্দ দুইটি Maxmuller-এর মতে কালিদাসের সমসাময়িক দুইজন বৌদ্ধ পান্ডিত্যের নাম। দিগ্‌নাগ ছিলেন আসম্ভের শিষ্য এবং খৃষ্টাব্দ ষষ্ঠ শতকের লোক; সুতরাং কালিদাসও খৃষ্টাব্দ ষষ্ঠ শতকের।^৪ দিগ্‌নাগ নিজে বৌদ্ধ ছিলেন এবং কালিদাসের কঠোর সমালোচক ছিলেন। Keith মনে করেন যে প্রতিপক্ষের প্রতি ঐরূপ ইংগিত করা কালিদাসের পক্ষে কখনই সম্ভব নয় এবং শ্লোকোক্ত দিগ্‌নাগ শব্দ যদি বৌদ্ধ দার্শনিক দিগ্‌নাগকে বুঝাইয়াও থাকে, তাহা হইলেও দিগ্‌নাগ খৃষ্টাব্দ ৪০০-এর পরবর্তী ছিলেন এইরূপ মনে করার কোনও কারণ নাই।^৫

১। শ্লোকটি এই :

ধ্বংসকামরসিংহশঙ্কুবেতালভট্টকপূরকালিদাসাঃ।

খ্যাতো বরাহমিহিরো নৃপতেঃ সভায়াং রঙ্গানি বৈ বররুচির্গব বিক্রমস্য ॥

কালিদাসের রচনা বলিয়া অভিহিত জ্যোতির্বিদ্যান্তরণ নামক একখানি জ্যোতিষ গ্রন্থে এই শ্লোকটি পাওয়া যায়।—JBRAS. VI., p. 25

২। Maxmuller-এর মূল কথা হইতেছে এইরূপ :

"The Indians did not show any literary activity during the first and second centuries of our era, in consequence of the inroads of the different foreign races...." এবং "...that the period of the bloom of artificial poetry is to be placed in the middle of the sixth century of the Christ."—*India: What can it teach us?*

৩। অগ্রেঃ শৃংগং হরতি পবনঃ কিং স্বিদিত্যাম্‌ধ্বাণীভিঃ।

দৃষ্টোৎসাহশ্চকিতচকিতং মৃশ্শিসম্ভাঙ্গনাভিঃ ॥

স্থানাদস্মাৎ সরসনিচূলাদুৎপতোদন্তু মৃশ্শঃ খম্।

দিগ্‌নাগানাং পথি পরিহরন্‌ স্খলহস্তাবলেপান্ ॥—মেঘদূত, ১.১৪

৪। P. V. Kane, Bhandarkar প্রভৃতিও খৃষ্টাব্দ ষষ্ঠ শতকেই কালিদাসের আবির্ভাবকাল বলিয়া মনে করেন।

৫। তুল্য : "The first argument is invalidated by the grave improbability of the tasteless reference in the Meghaduta and even if it were real Dignaga's date need not be later than 400."—Keith